মেহেরপুরে বিএডিসি’র বোরো ধান বীজ উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুরে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর উদ্যোগে “বোরো ধান বীজ উৎপাদনের কলাকৌশল” শীর্ষক চুক্তিবদ্ধ চাষি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১১টায় জেলা বীজ প্রত্যয়ন কার্যালয়ে এ কর্মশালার আয়োজন করা হয়।

প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়ার মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ শফিকুল মাওলা।

এ সময় আরও উপস্থিত ছিলেন কুষ্টিয়া বিএডিসি’র উপপরিচালক মোঃ আশরাফুল আলম, মেহেরপুর বিএডিসি’র উপপরিচালক মোঃ হাফিজুল ইসলাম, আমঝুপি বিএডিসি’র সিনিয়র সহকারী পরিচালক মোঃ ইকবাল হোসেন, চিৎলা বিএডিসি’র যুগ্মপরিচালক মোহাম্মদ মোর্শেদুল আলম, জেলা বীজ প্রত্যয়ন অফিসার এ কে এম কামরুজ্জামান, আমঝুপি বিএডিসি’র উপপরিচালক (বীজ প্রক্রিয়াজাতকরণ, ডাল ও তৈল বীজ) মোঃ জিয়াউর রহমান, জেলা বিএডিসি’র উপপরিচালক (কন্ট্রাক্ট গ্রোয়ার্স) মোহাম্মদ এনামুল হক প্রমুখ।

মেহেরপুরে মা ও শিশু সহায়তা কর্মসূচির বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ

মেহেরপুরে “মা ও শিশু সহায়তা কর্মসূচির বাস্তবায়ন নির্দেশিকা- ২০২৪” বিষয়ে এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলা পরিষদের হলরুমে এ কর্মশালার আয়োজন করে উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর, “সাপোর্টিং ইমপ্লিমেন্টেশন অফ মাদার এন্ড চাইল্ড বেনিফিট প্রোগ্রাম (SIMCBP)” প্রকল্পের আওতায়।

প্রশিক্ষণ কর্মশালায় সভাপতিত্ব করেন, মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নাসিমা খাতুন। এতে সদর উপজেলা সমাজসেবা কর্মকর্তা আনিসুর রহমান, বিআরডিবি কর্মকর্তা রকিবুল ইসলাম, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, আমদহ ইউনিয়নের চেয়ারম্যান রওশন আলী টোকন, আমঝুপি ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সিরাজুল ইসলাম, বারাদি ইউনিয়নের সচিব আজিম উদ্দিনসহ সদর উপজেলার সব ইউনিয়নের চেয়ারম্যান ও মেম্বারগণ অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণে সংশ্লিষ্টদের মধ্যে কর্মসূচি বাস্তবায়ন প্রক্রিয়া, উপকারভোগী নির্বাচন ও মনিটরিং পদ্ধতি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

মেহেরপুরে গ্রাম আদালত বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুর সদর উপজেলায় গ্রাম আদালত বিষয়ক দিনব্যাপী একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে সদর উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ কর্মশালার আয়োজন করা হয়।

প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলার নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ শেখ মোজবাহ উদ্দীন, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক (অ.দা.) নাসিমা খাতুন, উপজেলা সমাজসেবা অফিসার আনিসুর রহমান এবং গ্রাম আদালত প্রকল্প (৩য় পর্যায়) এর জেলা ম্যানেজার আসাদুজ্জামান।

কর্মশালাটি সঞ্চালনা করেন গ্রাম আদালত প্রকল্প (৩য় পর্যায়) এর উপজেলা সমন্বয়কারী আলমগীর কবির।

প্রশিক্ষণে ০১ নম্বর কুতুবপুর ও ০৬ নম্বর শ্যামপুর ইউনিয়ন পরিষদের সদস্যরা অংশগ্রহণ করেন। এতে গ্রাম আদালতের গঠন, এখতিয়ার (ধারা ৬), ক্ষমতা (ধারা ৭), ফৌজদারি ও দেওয়ানি মামলার বিচারযোগ্যতা (ধারা ৩), আদালত গঠনের আবেদন, সমন জারি, শুনানি ও সিদ্ধান্ত গ্রহণ, ক্ষতিপূরণ ও জরিমানা আদায়সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা হয়।

এছাড়াও ভিডিও প্রদর্শনীর মাধ্যমে অংশগ্রহণকারীদের গ্রাম আদালতের কার্যক্রম সম্পর্কে বাস্তবধর্মী ধারণা প্রদান করা হয়।

আয়োজকদের আশা, এই প্রশিক্ষণের মাধ্যমে ইউনিয়ন পরিষদের সদস্যরা গ্রাম আদালতের কার্যক্রম সম্পর্কে আরও সচেতন ও দক্ষ হয়ে উঠবেন।

দর্শনায় মৌচাকের উদ্যোগে প্রতিবন্ধীদের ছাগল পালনের প্রশিক্ষণ

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের আর্থিক সহযোগিতায় মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্দ্যোগে প্রতিবন্ধী উন্নয়ন কর্মসূচির অধীনে ছাগল লালন পালন বিষয়ে প্রশিক্ষণ অনুষ্টিত হয়েছে।

এ প্রশিক্ষণে মৌচাক উন্নয়ন সংস্থার ম্যানেজার মগগুল হোসেনের সভাপতিত্বে, প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নীলিমা আক্তার হ্যাপি। এ প্রশিক্ষণে প্রায় ২০-২৫ জন প্রতিবন্ধী ছাগল লালন পালনে অংশ নেয়।

মেহেরপুরে হজযাত্রীদের একদিনের প্রশিক্ষণ কর্মশালা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগিতায় এবং মেহেরপুর জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় ২০২৫ সালের হজযাত্রীদের জন্য একদিনের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনায় এই কর্মশালার আয়োজন করা হয়।

বুধবার সকাল সাড়ে ৯টায় মেহেরপুর জেলা মডেল মসজিদ ও ইসলামিক ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সুপারভাইজার মোহাম্মদ আমানুল্লাহ এবং পবিত্র কুরআন তেলাওয়াত করেন মাওলানা আব্দুল হামিদ।

কর্মশালায় ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ. জে. এম. সিরাজুম মনিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক সিফাত মেহনাজ। তিনি হজযাত্রীদের উদ্দেশে বলেন, “আমরা সবাই আল্লাহর মেহমান, আল্লাহর জন্যই হজে যাচ্ছি। আল্লাহর উপর ভরসা রেখে সুস্থভাবে হজ পালন করুন এবং ফিরে এসে দেশ ও পরিবারের জন্য দোয়া করুন।”

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা সিভিল সার্জন ডা. এ. কে. এম. আবু সাঈদ। তিনি বলেন, “হজযাত্রীদের যথাযথ স্বাস্থ্য পরীক্ষা এবং মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা টিকা গ্রহণ বাধ্যতামূলক। স্বাস্থ্য সনদ গ্রহণ করে নির্ধারিত টিকাদান কেন্দ্রে উপস্থিত থাকার অনুরোধ করছি।”

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন জেলা নির্বাচন কর্মকর্তা ওয়ালিউল্লাহ, অতিরিক্ত জেলা পুলিশ সুপার আব্দুল করিম এবং ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেইনার মাওলানা মো. আব্দুল হামিদ।

প্রশিক্ষণে মেহেরপুর জেলার মোট ১৯০ জন হজযাত্রীর মধ্যে ১৫২ জন অংশগ্রহণ করেন। সকাল ৯টা ৩০ মিনিট থেকে বিকেল ৪টা পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম চলে।

ঝিনাইদহে কারাতে প্রশিক্ষণ ও ব্ল্যাক বেল্ট প্রদান

সুস্থ শরীর, আত্মবিশ্বাস বৃদ্ধি ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে ঝিনাইদহে দিনব্যাপী কারাতে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

গতকাল রোববার সকালে শহরের সোতোকান কারাতে দো স্কুলে প্রশিক্ষণের উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী।

সে সময় স্কুলের উপদেষ্টা মহব্বত হোসেন টিপু, পরিচালক কাজী আলী আহমেদ লিকু, সদর উপজেলার জাইকা প্রতিনিধি মুস্তাফিজুর রহমান আনসারীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

দিনব্যাপী শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৪৫ জন শিক্ষার্থীকে কারাতে প্রশিক্ষণ দেন জাতীয় কারাতে প্রশিক্ষক জসিম উদ্দিন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে অর্জন করা দুই শিক্ষার্থীকে ব্ল্যাক বেল্ট প্রদান করা হয়।

আয়োজকরা জানায়, এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল শিক্ষার্থীদের আত্মরক্ষা কৌশল শেখানো, শারীরিক সক্ষমতা বৃদ্ধি এবং আত্মবিশ্বাস গড়ে তোলা।

নারীদের আত্মরক্ষার জন্য কারাতে অত্যন্ত কার্যকর একটি কৌশল, যা তাদের দৈনন্দিন জীবনে সাহস ও নিরাপত্তার বোধ জোগাবে।
উপস্থিত অতিথিরা প্রশিক্ষণের এমন উদ্যোগকে সাধুবাদ জানান এবং ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত রাখার আহ্বান জানান।

ঝিনাইদহে নারী উদ্যোক্তাদের ই-কমার্স বিষয়ক প্রশিক্ষণ

ঝিনাইদহে গ্রামীণ পর্যায়ের নারী উদ্যোক্তাদের ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধি ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে ই-কমার্স বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এই প্রশিক্ষণের আয়োজন করে তথ্য আপা প্রকল্প (২য়)। কর্মশালার সভাপতিত্ব করেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য আপা প্রকল্পের প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব) শাহনাজ বেগম নীনা। বিশেষ অতিথি ছিলেন উপ-প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব) এস এম নাজিমুল ইসলাম।

উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলার তথ্যসেবা কর্মকর্তা তানিয়া সুলতানা, সদরের হিরা খাতুন, শৈলকুপার ইন্দিনা কাদির, মহেশপুরের আয়েশা খাতুন, কালীগঞ্জের পপি রানী রায়, হরিণাকুন্ডুর শামীম আক্তার, সদরের তথ্যসেবা সহকারী মাহমুদা রহমান ও সনজিতা রহমান।

কর্মশালায় ঝিনাইদহের ৬টি উপজেলার অর্ধশত নারী উদ্যোক্তা অংশ নেন। দিনব্যাপী এই প্রশিক্ষণে ই-কমার্সের গুরুত্ব, লালসালু ডট কম প্ল্যাটফর্মের কার্যক্রম এবং ডিজিটাল ব্যবসার সুযোগ-সুবিধা নিয়ে আলোচনা করা হয়। উদ্যোক্তাদের প্রযুক্তি ব্যবহারের দক্ষতা বৃদ্ধি, অনলাইন মার্কেটপ্লেসে ব্যবসা সম্প্রসারণ এবং ডিজিটাল উদ্যোক্তা হিসেবে সফল হওয়ার কৌশল নিয়ে দিকনির্দেশনা দেওয়া হয়।

আয়োজকরা আশা করেন, এই প্রশিক্ষণ কর্মশালা নারী উদ্যোক্তাদের স্বাবলম্বী হতে সহায়তা করবে এবং ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে তাদের ব্যবসায়িক সম্ভাবনা উন্মোচন করবে।

ঝিনাইদহে খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার সমাপনী

ঝিনাইদহে ৫ দিন ব্যাপী খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা শেষ হয়েছে। বৃহস্পতিবার বিকেলে ঝিনাইদহ শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ার কলেজে এ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)’র আয়োজনে ৫ দিন ব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালায় অংশ নেয় ঝিনাইদহের বিভিন্ন সরকারি দপ্তরের ৩০ জন কর্মকর্তা।

সমাপনী দিনে কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করেন যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ডা: তানভীর হাসান। সমাপনী দিনের অনুষ্ঠানে বারটান’র উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা সোনিয়ার শারমিন, সরকারী বৈজ্ঞানিক কর্মকর্তা বেলাল হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

গত ২৬ জানুয়ারি বারটানের নির্বাহী পরিচালক রেহেনা আকতার এ প্রশিক্ষণের উদ্বোধন করেন। ৫ দিন ব্যাপী এই প্রশিক্ষণে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, ড. আব্দুস সামাদ, ড. শফিকুল ইসলাম, ঝিনাইদহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক ষষ্টী চন্দ্র রায়সহ প্রশিক্ষকরা খাদ্য, ফলিত পুষ্টি, নিরাপদ খাদ্য, মা ও শিশুদের যত্নসহ নানা বিষয়ে প্রশিক্ষণ প্রদাণ করেন।

আয়োজকরা জানায়, আগামী দিনে সরকারি বিভিন্ন অনুষ্ঠানে পুষ্টি সচেতনতা বিষয়ক এই বার্তা সাধারণ মানুষের মাঝে পৌঁছে দেওয়ায় এ প্রশিক্ষণের উদ্দেশ্যে।

মেহেরপুরে গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ

গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ পুরুষ ও মহিলা দ্বিতীয় ধাপ ২০২৫ উদ্বোধনী করা হয়েছে। রবিবার সকাল দশটার দিকে গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ে গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ পুরুষ ও মহিলা দ্বিতীয় ধাপ উদ্বোধনী করা হয়।

মেহেরপুর সদর উপজেলা আনসার ও ভিডিপির আয়োজনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী জেলা কমান্ড্যান্ট (অতিরিক্ত দায়িত্ব) মোঃ শফিউল আযম।

এছাড়াও এ সময় মেহেরপুর সদর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মোছাঃ ফেরদৌসী বানু, গোজীপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহারুল ইসলাম, সদর উপজেলা প্রশিক্ষণ মোঃ সাগর হোসেন, ভিডিপি দলনেত্রী মোছাঃ শ্রাবণী খাতুন, ভিডিপি সদস্য মোঃ মানিকসহ আনসার ও ভিডিপি সদস্যরা উপস্থিত ছিলেন।

গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন ২৬ জন মহিলা এবং ৩২ জন পুরুষ।

মহেশপুরে প্রকল্প উপকারভোগীদের প্রশিক্ষণ ও উপকরণ বিতরণ

ঝিনাইদহের মহেশপুরে প্রকল্প এর উপকারভোগীদের প্রশিক্ষণ ও উপকরণ বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার (২৪ ডিসেম্বর) সংস্থার মহেশপুর প্রকল্প কার্যালয়ে “সাসটেইনেবল প্রিভেনশন অফ আর্সেনিক পয়জনিং ইন মহেশপুর সাব

ডিসট্রিক্ট, ঝিনাইদহ ডিসট্রিক্ট”প্রকল্পের সনোফিল্টার ম্যাকানিক্স বৃন্দের সনোফিলটার ইনসটলেশন, অপারেশন ও মেইনটেন্যান্স প্রশিক্ষণ সমাপনি দিবসে এ উপকরণ বিতরণ করা হয়।

প্রধান অতিথি হিসেবে সমাপনী অনুষ্ঠানে উপকরণ বিতরণ করেন মহেশপুর উপজেলা নির্বাহী অফিসার ইয়াসমিন মনিরা।

এসময় উপস্থিত ছিলেন, বিআরটিএ, ঝিনাইদহ মোটরযান পরিদর্শক মো তারিক হোসেন, মাশউক সংস্থা থেকে প্রোগ্রাম কো-অর্ডিনেটর (পিসি) শাহ্ আবুল আওয়াল এবং তৌহিদুল করিম, পিএম, আবুল হাসনাত, এসএফটি মাশউক প্রকল্প অফিস মহেশপুর প্রমূখ।

এসময় প্রকল্প এলাকার উপকারভোগী ও কার্যালয়ের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।